

এমডি/এমএস রেসিডেন্সী প্রোগ্রাম ফেইজ-এ-এর ভর্তি ও পরীক্ষা সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত

আজ বৃহস্পতিবার, ১৯ অক্টোবর ২০১৭ইং তারিখ, সকাল ১১টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের অফিসে এ বিশ্ববিদ্যালয়ের এমডি/এমএস রেসিডেন্সী প্রোগ্রাম ফেইজ-এ-এর ভর্তি ও পরীক্ষা সমন্বয় কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এসএম জাকারিয়া স্বপন। সভায় আরো উপস্থিত ছিলেন সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ডীন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, প্রিভেনটিভ এন্ড সোস্যাল মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ড. সৈয়দ শরীফুল ইসলাম, নার্সিং অনুষদের ডীন অধ্যাপক ডা. অসীম রঞ্জন বড়ুয়া, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, পরীক্ষা নিন্ত্রয়ক মোঃ ইফতেখার আলমসহ বিভিন্ন বিভাগের চেয়ারম্যানবন্দ ও অধ্যাপকবন্দ উপস্থিত ছিলেন।

